সংবাদ

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ৮ কলাম ৮

# শিবালয়ে শিক্ষার্থীদের বাল্যবিয়ে না করার শপথ

প্রতিনিধি, শিবালয় (মানিকগঞ্জ)

নিজেরা বাল্য বিবাহ করবো না এবং কারো বাল্য বিবাহ হতে দিবো না এমন শপথ করল শিবালয়ের ঘাইট ঘর তেওতা উচ্চ বিদ্যালয়ের ৭শ' শিক্ষার্থী এবং উপস্থিত অভিভাবক ও জনপ্রতিনিধিরা। গত সোমবার বিকেলে উপজেলার ঘাইট ঘর তেওতা উচ্চ বিদ্যালয়ের হল রুমে বাল্য বিয়ে নিরোধ সংক্রান্ত মতবিনিময় সভায় এ শপথ পাঠ করান অনুষ্ঠানেরে প্রধান অতিথি, শিবালয় উপজেলা নির্বাহী অফিসার কামাল মোহাম্মদ রাশেদ। তেওতা ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল কাদেরের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যেদের মধ্য বক্তব্য রাখেন উপজেলা কমিশনার (ভূমি) খন্দকার মুশফিকুর রহিম, অত্র বিদ্যালয়ে প্রধান শিক্ষক ইকরাম হোসেন খান, ইপি সদস্য জাহাঙ্গীর আলম, রওশনারা বেগম, দৈনিক ইত্তেফাকের সাংবাদিক বাবুল আকতার মঞ্জুর, দৈনিক সংবাদের মারুফ হোসেন যমুনা টেলিভিশনের বিএম খোরশেদ যায়যায়দিনের শহিদুল ইসলামসহ দশম শ্রেণীর শিক্ষার্থী মিতু ও মামুন প্রমুখ। উপজেলা নির্বাহী অফিসার বক্তব্যে বলেন, উপজেলাকে বাল্য বিবাহ মুক্ত করার ঘোষণার কাজ শুরু করেছেন তিনি। এজন্য শীঘ্রই ওয়ার্ড ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন করো হবে। তিনি আরো বলে জন্ম সনদ ছাড়া কোন কাজী বিবাহ পড়ালে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হবে।